Bangladesh 50

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
বানারীপাড়া, বরিশাল।

# নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৬/০৮/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় বানারীপাড়া উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটির সভা জনাব সৈয়দা তাসলিমা হোসেন উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে তাঁর দপ্তরে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় কমিটির সম্মানীত সদস্যবৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

আলোচ্য বিষয় ঃ

১। অত্র উপজেলার বর্তমান স্যানিটেশন পরিস্থিতি পর্যালোচনা।
২। বিশুদ্ধ পানি সরবরাহের লক্ষ্যে নলকূপ স্থাপন বিষয়ে করণীয় নির্ধারন।
৩। প্রতিটি পরিবারে স্বাস্থ্যসম্মত পায়খানা স্থাপন ও ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে করণীয় নির্ধারন।
৪। বিবিধ।

স্বাঃ/-
মোহাম্মদ নিজাম উদ্দিন
সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
বানারীপাড়া, বরিশাল।

স্মারক নং-৪৬.২০৩.১০০০.৪০১.১৪-১০(৮) তাং-২৩/০৮/২০২১খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে / কার্যার্থেঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া, বরিশাল।
২। উপজেলা নির্বাহী অফিসার, বানারীপাড়া, বরিশাল।
৩। জনাব ....................................................বানারীপাড়া, বরিশাল।
৪। অফিস কপি।

২৩/০৮/২১

মোহাম্মদ নিজাম উদ্দিন
সদস্য-সচিব
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটি
ও
সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
বানারীপাড়া, বরিশাল।

## উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সৈয়দা তাসলিমা হোসেন<br>উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান<br>বানারীপাড়া, বরিশাল। |
| সভার তারিখ | ঃ | ২৬/০৮/২০২১ খ্রিঃ। |
| সভার স্থান | ঃ | ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ। |
| সভার সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |

**সভায় উপস্থিতি হাজিরা বিবরণী রেজিষ্ট্রারে সংরক্ষিত।**

প্রথমেই সভাপতি মহোদয় সভায় উপস্থিত সম্মানীত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্যের মাধ্যমে সভার কাজ শুরু করেন। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অত্র উপজেলার বর্তমান পানি সরবরাহ ও স্যানিটেশন বিষয়ে সভাকে অবহিত করেন।

সভায় সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল জানান যে, বর্তমান ২০২১-২২ অর্থবছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে ২৬টি করে মোট ২০৮টি গভীর নলকুপ বরাদ্দ পাওয়া গিয়েছে। স্থান নির্বাচন নীতিমালা মোতাবেক নলকুপগুলোর স্থান নির্বাচনের জন্য ইতিমধ্যেই সকলকে অবহিত করা হয়েছে। সকল বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

১। বর্তমান অর্থবছরে বরাদ্দকৃত নলকুপগুলোর স্থান নির্বাচনের ক্ষেত্রে সুবিধাবঞ্চিত, দুর্গম ও জনবহুল এলাকায় নলকুপ স্থাপনের জন্য ইউপি চেয়ারম্যানগনসহ সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানানো হয়।

২। এডিপির থোক বরাদ্দ হতে প্রকল্প গ্রহনের মাধ্যমে স্বল্পমূল্যে স্লাব ও রিং তৈরী করে তা হতদরিদ্র পরিবারের মধ্যে বিতরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়। সভাপতি মহোদয়, ইউপি চেয়ারম্যানগণ এবং উপজেলা প্রকৌশলীকে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানানো হয়।

৩। এডিপির থোক বরাদ্দের ১৫% অর্থদ্বারা জনগনকে স্যানিটেশনে উদ্বুদ্ধ করণ বিভিন্ন কার্যক্রম গ্রহনের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানানো হয়।

৪। কোভিড-১৯ সংক্রমন মোকাবেলায় অত্র উপজেলায় এনজিওগুলোর মাধ্যমে স্যানিটেশনে জনগনকে উদ্বুদ্ধকরন কার্যক্রম অব্যাহত রাখা যেতে পারে। উপজেলা নির্বাহী কর্মকর্তাকে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানানো হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সৈয়দা তাসলিমা হোসেন
সভাপতি
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটি
ও
উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান
বানারীপাড়া, বরিশাল।

স্মারক নং-৪৬.২০৩.১০০০.৪০১.১৬-১১(১০)    তাং-২৬/০৮/২০২১ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া, বরিশাল।
২। উপজেলা নির্বাহী অফিসার, বানারীপাড়া, বরিশাল।
৩। জনাব ........................................ বানারীপাড়া, বরিশাল।
৪। অফিস কপি

মোহাম্মদ নিজাম উদ্দিন
সদস্য-সচিব
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটি
ও
সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
বানারীপাড়া, বরিশাল।

উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, পয়ঃনিষ্কাশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটির সভা

অদ্য ২৮.০৮.২৩ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১২-০০ ঘটিকায় [illegible] সভায় উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, পয়ঃনিষ্কাশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটির সভা ইসরাত তাসলিমা বেগম, উপজেলা পরিষদ ভাইস চেয়ারঃ-এর সভাপতিত্বে জনস্বাস্থ্য প্রকৌশলের কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নলিখিত সদস্যগণ উপস্থিত ছিলেন।

| ক্রঃ নং | সদস্যদের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | ইসরাত তাসলিমা বেগম | ভাইস চেয়ারম্যান | [signature] |
| ২. | জনাব [illegible] কবির | উপজেলা প্রকৌশলী, এলজিইডি- | [signature] |
| ৩. | চেয়ারম্যান, মাহমুদপুর ইউপি- | | [signature] |
| ৪. | চেয়ারম্যান, নয়াবাড়ী ইউপি- | | [signature] |
| ৫. | চেয়ারম্যান, কুসুমহাটি ইউপি- | | [signature] |
| ৬. | জনাব মোঃ মনিরুল ইসলাম | সমাজসেবা অফিসার | [signature] |
| ৭. | উপ-সহকারী-প্রকৌশলী | জনস্বাস্থ্য-প্রকৌশল- | [signature] |